


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
সরেজমিন উইং  
খামারবাড়ি, ঢাকা-১২১৫  
([www.dae.gov.bd](http://www.dae.gov.bd))

### স্মারকলিপি

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাঠ পর্যায়ে চলতি “জ্যৈষ্ঠ মাসে কৃষকভাইদের করণীয়” বিষয়ে একটি লিফলেট এতদসঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হলো। এ লিফলেটটি মুদ্রন করে আপনার অঞ্চল/জেলার কৃষকভাইদের মাঝে ব্যাপক ভাবে প্রচার করার জন্য নির্দেশ প্রদান করা হলো এবং এ বিষয়ে অগ্রগতির প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর বরাবরে প্রেরণ করার জন্য বলা হলো।

সংযুক্তঃ “জ্যৈষ্ঠ মাসে কৃষকভাইদের করণীয়” - ১ (এক) পৃষ্ঠা।

  
(চৈতন্য কুমার দাস)  
পরিচালক  
ফোনঃ ৮১২৩১৪৭।

২৪/০৭/২০১৭খ্রিঃ।

স্মারক নংঃ ১২.১০.০০০০.০০৪.১৬.০৫২.১৩ (২য় অংশ)/ ০১০৭(৯০)

তারিখঃ ১৬/০৫/২০১৭খ্রিঃ

অনুলিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে-

- ১। পরিচালক, প্রশাসন ও অর্থ/হটিকালচার/প্রশিক্ষণ/উদ্ভিদ সংরক্ষণ/উদ্ভিদ সংগনিরোধ/ক্রপস/পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা।
- ২। পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, ডিএই, খামারবাড়ি, ঢাকা। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৩। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ----- অঞ্চল (১৪টি)।
- ৪। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ----- জেলা (সকল)।
- ৫। উপ পরিচালক(আইসিটি ব্যবস্থাপনা), পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা, লিফলেটটি ডিএই এর ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৬। অতিরিক্ত উপ পরিচালক, নিয়ন্ত্রন কক্ষ, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা, তাঁকে লিফলেটটি ই-মেইল যোগে সকল অতিরিক্ত পরিচালক ও উপ পরিচালক, ডিএই বরাবরে প্রেরণ নিশ্চিত করতে বলা হলো।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
- ৩। অতিরিক্ত সচিব (সম্প্রসারণ) মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
- ৪। মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, ডিএই, খামারবাড়ি, ঢাকা-১২১৫।

## জ্যৈষ্ঠ মাসে কৃষকভাইদের করণীয়

১. নাবী দীর্ঘ মেয়াদী বোরো ধান শতকরা ৮০ ভাগ পাকলে তাড়াতাড়ি কেটে ফেলা উচিত। তাছাড়া হঠাৎ ঝড় বা শিলা বৃষ্টির কারণে পাকা ধানের ব্যাপক ক্ষতি হতে পারে।
২. বোরো ধান কাটার সপ্তাহখানেক আগে গভীর পানির বোনা আমন ধানের বীজ ছিটিয়ে দিলে অথবা বোরো ধান কেটে সাথে সাথে স্থানীয় আমন ধানের চারা রোপণ করলে বন্যার পানির আগেই চারা সতেজ হয়ে উঠবে। জলি আমন ধান আশ্বিন-কার্তিক মাসে কাটা যায় এবং ভাল হয়।
৩. আউশ ধানের বীজতলার সঠিক পরিচর্যা করুন।
৪. আউশ ধান রোপনের ৭-১০ দিনের মাথায় গুটি ইউরিয়া প্রয়োগ করুন।
৫. এ সময় আউশ ক্ষেতের আগাছা পরিষ্কার করতে হবে এবং প্রয়োজনীয় অন্যান্য যত্ন নিতে হবে। সমন্বিত বালাই ব্যবস্থাপনার মাধ্যমে রোগ পোকামাকড় দমন করতে হবে।
৬. আউশ ও বোনা আমন ধানে পামরী পোকাকার আক্রমণ হলে জমিতে জাল টেনে পোকা মেরে ফেলতে হবে। ধানের প্রতি গোঁছায় যদি ৪ টি পামরী পোকা বা প্রতি পাতায় ১৫টি কীড়া (মার্বারী কুশি গজানো অবস্থায়) অথবা শতকরা ৩৫ টি পাতা মারাত্মকভাবে আক্রান্ত হয় তাহলে অবিলম্বে সঠিক কীটনাশক ছিটিয়ে পোকা দমন করতে হবে।
৭. বন্যার কারণে উঁচু জায়গায় রোপা আমন, সবজি ও অন্যান্য ফসলের বীজতলা তৈরি করতে হবে যাতে সূর্যের আলো নিয়মিত পড়ে।
৮. এ মাসে খরা হওয়ার সম্ভাবনা দেখা দিতে পারে সেক্ষেত্রে আউশ ধান ও পাটের জমিতে সম্পূরক সেচ দিতে হবে
৯. বসতবাড়ির বাগানে ডাটা, কলমিশাক, পুঁইশাক, করলা, টেঁড়স, বেগুন, পটল চাষ করুন।
১০. মাদা তৈরি করে চিচিঙ্গা, ঝিঙা, ধুন্দুল, শসা, মিষ্টিকুমড়া, চাল কুমড়ার বীজ বুনে দিতে পারেন।
১১. বাছাইকৃত এবং সংরক্ষিত বীজের গুণাগুণ ঠিক রাখার জন্য বায়ু রোধী পাত্রে বীজ রাখুন। বীজ সঠিকভাবে শুকিয়েছে কিনা তা দুই দাঁতের মাঝে চাপ দিলে কট শব্দ করে ভাঙলো কিনা তা পরীক্ষা করুন।
১২. নাবী জাতের আমের মাছি পোকা সহ অন্যান্য পোকাকার আক্রমণ দেখা দিতে পারে। তাই পোকামাকড় দমনে ব্যবস্থা নিন।
১৩. রোপা আমনের সাথে খরা সহনশীল ফলের (যেমন-কুল) বাগান করে অধিক লাভবান হতে পারেন।
১৪. মাসের মাঝামাঝি সময়ের মধ্যে সম্পূরক সেচের জন্য ক্ষেতের/ মাঠের এক কোণে মিনি পুকুর খনন করে বৃষ্টিপানি সংরক্ষণের ব্যবস্থা করুন।
১৫. মাসের প্রথম সপ্তাহে নাবী জাতের পাটের বীজ বপন করুন।
১৬. নাবী/ উফশী জাতের আউশ ধান রোপণ/বপন করুন।
১৭. ক্রমাগত খরা চলতে থাকলে ফল গাছে ও ধান ক্ষেতে মিলি বাগের আক্রমণের দমন ব্যবস্থা নিন।
১৮. বাড়ির কাছাকাছি উঁচু এমনকি আধা ছায়াযুক্ত জায়গায় আদা হলুদের চাষ করতে পারেন।
১৯. পতিত বা আধা ছায়াযুক্ত স্থানে সুযোগ থাকলে অনায়াসে লতিরাজ বা পানি কচু বা অন্যান্য উপযোগী কচুর চাষ করতে পারেন।